



৫ মামলায় সাবেক মেয়র আইভীর জামিন



আইভী | ছবি: সংগৃহীত

ছাত্র-জনতার আন্দোলনকে ঘিরে দায়ের হওয়া চারটি হত্যা মামলাসহ মোট পাঁচ মামলায় নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভী জামিন পেয়েছেন।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার কাজলের নেতৃত্বে হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আন্দোলনের সময় সংঘটিত ঘটনাগুলোর প্রেক্ষিতে তার বিরুদ্ধে চারটি হত্যা ও দুটি হত্যাচেষ্টা মামলা দায়ের হয়। গত বছরের ৯ মে ভোরে নারায়ণগঞ্জের দেওভোগ এলাকার বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয় এবং ছয়টি মামলায় গ্রেপ্তার দেখানো হয়। সেলিনা হায়াৎ আইভী গত বছরের ৯ মে ভোরে নারায়ণগঞ্জ শহরের দেওভোগের নিজ বাসা থেকে গ্রেফতার হন। ছাত্র-জনতার আন্দোলনে সংঘটিত হত্যাকাণ্ডের ঘটনায় চারটি হত্যা এবং দুটি হত্যাচেষ্টা মামলাসহ মোট ছয়টি মামলায় তাকে গ্রেফতার দেখানো হয় তখন।

গত বছরের নভেম্বরে ৫টি মামলায় হাইকোর্ট থেকে জামিন পান সেলিনা হায়াৎ আইভী। তবে আপিল বিভাগে এই পাঁচ মামলায় জামিন স্থগিত হয়ে যায়। পরে নতুন করে তাকে ৫ মামলায় শ্যোন অ্যারেস্ট দেখানো হয়।

২০০৩-২০১১ সাল পর্যন্ত নারায়ণগঞ্জ পৌরসভার মেয়র ছিলেন সেলিনা হায়াৎ আইভী। পরে নবগঠিত নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের তিনটি নির্বাচনে টানা জয় পান হন তিনি।

এর আগে গত নভেম্বরে একই পাঁচ মামলায় হাইকোর্ট থেকে জামিন পেলেও আপিল বিভাগ সেই জামিন স্থগিত করেন। পরে তাকে পুনরায় ওই পাঁচ মামলায় শোন অ্যারেস্ট দেখানো হয়।

সেলিনা হায়াৎ আইভী ২০০৩ থেকে ২০১১ সাল পর্যন্ত নারায়ণগঞ্জ পৌরসভার মেয়র ছিলেন। সিটি করপোরেশন গঠনের পর পরপর তিন দফা নির্বাচনে জয়ী হয়ে দায়িত্ব পালন করেন তিনি।